

# ডিআরপিএ বাস্তবায়নের নির্দেশক স্কেল

## খ। প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সহায়কদের জন্য সচেতনতামূলক প্রশিক্ষণের আয়োজন

প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সহায়কদের সচেতনতামূলক প্রশিক্ষণ আয়োজনের উদ্দেশ্য হচ্ছে তাদের ডিআরপিএর মাধ্যমে স্বীকৃত অধিকার সম্পর্কে সচেতন করা, ডিআরপিএ অধিকারসমূহের প্রচলিত লঙ্ঘন, আইনের মাধ্যমে প্রাপ্য প্রতিকার এবং ডিআরপিএর অধীনে প্রাপ্য অধিকার আদায়ে সচেতন করে তুলতে সহযোগিতা করা। এ পর্বে আপনারা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইনের অধীনে স্বীকৃত অধিকার সম্পর্কে, অধিকারগুলো কিভাবে লঙ্ঘিত হয় বা অধিকার লঙ্ঘনের আইনী প্রতিকারসমূহ সম্পর্কে প্রতিবন্ধী ব্যক্তি ও তাদের সহায়কদের সচেতনতার বর্তমান অবস্থা নিরূপন করবেন। নিম্নলিখিত স্কেল অনুযায়ী এ মূল্যায়নটি আপনারা করবেন।

১ - জেলার বেশিরভাগ প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ সম্পর্কে সচেতন নয় বা এটি সম্পর্কে জানতেও আগ্রহী নয়।

২ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ বিদ্যমান থাকার ব্যাপারে অবগত আছেন এবং / অথবা তারা এ সম্পর্কে আরো জানতে আগ্রহী তবে তারা তাদের নির্দিষ্ট অধিকারগুলো কী কী তা জানেন না এবং তারা ডিআরপিএ কমিটিগুলো সম্পর্কেও জানেন না।

৩ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ বিদ্যমান থাকার বিষয়ে অবগত আছেন তবে তারা ডিআরপিএ দ্বারা স্বীকৃত কমপক্ষে ৫টি বা ততোধিক অধিকারের নাম বা একাধিক কমিটির নাম বলতে সক্ষম নন।

৪ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ দ্বারা স্বীকৃত ৫টি বা ততোধিক অধিকারের নাম বলতে পারেন এবং একাধিক কমিটির নামও বলতে সক্ষম। তবে তারা বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে এবং/অথবা এই অধিকারগুলো বাস্তবায়নে কমিটির কার্যাবলী ও ক্ষমতাগুলো কি সে বিষয়টি সম্পর্কে জানেন না।

৫ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ দ্বারা স্বীকৃত ১০টি বা ততোধিক অধিকারের নাম এবং ৪টি বা ততোধিক কমিটির নাম বলতে সক্ষম, তারা জানেন না বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে এবং/অথবা এই অধিকারগুলো বাস্তবায়নে কমিটির কার্যাবলী ও ক্ষমতাগুলো কি সে বিষয়টি সম্পর্কে প্রতিবন্ধী ব্যক্তিগণ বুঝতে পারেন না।

৬ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তির ডিআরপিএ দ্বারা স্বীকৃত ১০টি বা ততোধিক অধিকারের নাম এবং ৪টি বা ততোধিক কমিটির নাম বলতে পারেন এবং বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে তাও তারা জানেন। কিন্তু তারা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার কিভাবে লঙ্ঘিত হয় সে বিষয়টি বুঝতে বা সনাক্ত করতে পারেন না।

৭ - জেলার কিছু প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ দ্বারা স্বীকৃত ১০টি বা ততোধিক অধিকারের নাম এবং ৪টি বা ততোধিক কমিটির নাম বলতে পারেন এবং বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে তাও তারা জানেন। তারা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার কিভাবে লঙ্ঘিত হয় সে বিষয়টিও বুঝতে বা সনাক্ত করতে পারেন।



৮ - জেলার বেশিরভাগ প্রতিবন্ধী ব্যক্তি ডিআরপিএ দ্বারা স্বীকৃত ১০টি বা ততোধিক অধিকারের নাম এবং ৪ বা ততোধিক কমিটির নাম বলতে পারেন যদিও তাদের মধ্যে খুব অল্প সংখ্যক ব্যক্তি বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে সে বিষয়ে জানেন এবং/অথবা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার কিভাবে লঙ্ঘিত হয় সে বিষয়টি বুঝতে বা সনাক্ত করতে পারেন।

৯ - জেলার বেশিরভাগ প্রতিবন্ধী ব্যক্তিই ডিআরপিএ দ্বারা স্বীকৃত অধিকাংশ/ ১৬টি অধিকারের নাম এবং ৫টি কমিটির নাম বলতে পারেন এবং বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে সেটাও তারা জানেন। যদিও তাদের মধ্যে অল্প সংখ্যক ব্যক্তি প্রতিবন্ধী ব্যক্তির অধিকার কিভাবে লঙ্ঘিত হয় সে বিষয়টি বুঝতে বা সনাক্ত করতে পারেন।

১০ - জেলার বেশিরভাগ প্রতিবন্ধী ব্যক্তিই ডিআরপিএ দ্বারা স্বীকৃত অধিকাংশ অধিকারের নাম এবং ৫টি কমিটির নাম বলতে পারেন এবং বৈষম্যমূলক আচরণ থেকে রক্ষা করার জন্য আইনটিতে কি কি ব্যবস্থা রয়েছে সেটাও তারা জানেন। তারা প্রতিবন্ধী ব্যক্তির অধিকার কিভাবে লঙ্ঘিত হয় সে বিষয়টিও বুঝতে বা সনাক্ত করতে পারেন।